যুগান্তর

তারিখ 18 APR 2015
পৃষ্ঠা ৩ কলাম ৪

যৌন হয়রানির অভিযোগ

# জাবিতে ছাত্রলীগ নেতাকর্মীসহ বহিষ্কার ৮

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ছাত্রলীগের নেতাকর্মীসহ আট শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পহেলা বৈশাখের দিন সন্ধ্যায় এক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে তাদের বহিষ্কার করা হয়।

শুক্রবার বিকালে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলাম তার নিজ ক্ষমতাবলে তদন্ত সময়ের জন্য এ বহিষ্কার করেছেন।

এর আগে বৃহস্পতিবার প্রাথমিকভাবে অভিযুক্ত হওয়ায় বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের পাঁচ নেতাকর্মীকে সংগঠন থেকে সাময়িক বহিষ্কার করা হয়।

বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-১) মোহাম্মদ আলী যুগান্তরকে বলেন, ৮ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। তবে বিচার প্রক্রিয়ার স্বার্থে তাদের নাম প্রকাশ করা যাচ্ছে না। তিনি জানান, তদন্তে তারা দোষী প্রমাণিত হলে পরবর্তী সময় সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।